



ভোট চুরির অভিযোগে বিক্ষোভে উত্তাল দিল্লির রাজনীতি: রাহুল-প্রিয়াঙ্কা সহ শীর্ষ বিরোধী নেতারা আটক



সংগৃহীত ছবি

ভারতের প্রধান বিরোধী জেট 'ইন্ডিয়া ব্লক'-এর বিক্ষোভ মিছিল থেকে কংগ্রেস নেতা ও দলের সাবেক সভাপতি রাহুল গান্ধীকে আটক করেছে দিল্লি পুলিশ। সোমবার (১১ আগস্ট) সংসদের মকর দ্বার থেকে নির্বাচন কমিশনের সদর দপ্তরের উদ্দেশে রওনা হওয়া এই মিছিলটি রাজধানীর ট্রান্সপোর্ট ভবনের কাছে আটকে দেয়া হয়। এ সময় রাহুলের পাশাপাশি তাঁর বোন প্রিয়াঙ্কা গান্ধী ভদ্রা, শিবসেনা (ইউবিটি) নেতা সঞ্জয় রাউতসহ একাধিক জ্যেষ্ঠ বিরোধী এমপিকে পুলিশ আটক করে।

বিক্ষোভকারীরা সম্প্রতি চালু হওয়া ভোটার তালিকার 'স্পেশাল ইনস্টেনসিভ রিভিশন' (SIR) কার্যক্রম এবং ২০২৪ সালের লোকসভা নির্বাচনে কথিত ভোট জালিয়াতির অভিযোগের প্রতিবাদ জানাতে এই মিছিলের আয়োজন করে। রাহুল গান্ধী সাংবাদিকদের বলেন, “এই লড়াই রাজনৈতিক নয়, এটি সংবিধান রক্ষার লড়াই। এটি ‘এক ব্যক্তি, এক ভোট’-এর ন্যায্য অধিকার নিশ্চিত করার সংগ্রাম।”

পুলিশ জানায়, নির্বাচন কমিশনে সাক্ষাৎ করতে ৩০ জন এমপির অনুমতি থাকলেও সেখানে উপস্থিত হন প্রায় ২০০ জন বিরোধী সাংসদ। পরিস্থিতি নিয়ন্ত্রণে ও আইনশৃঙ্খলা ভঙ্গ ঠেকাতে মিছিলটি থামানো হয় এবং নেতাদের আটক করা হয়।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, নির্বাচন কমিশনের ভূমিকা ও নির্বাচনী স্বচ্ছতা নিয়ে এই বিরোধ এখন ভারতের রাজনীতিতে বড় উত্তেজনার জন্ম দিচ্ছে, যা আগামী নির্বাচনের আগে আরও তীব্র হতে পারে।

উল্লেখ্য গত ৭ আগস্ট রাহুল গান্ধী শুধুমাত্র একটি আসনে লক্ষাধিক ভোটচুরির অভিযোগ প্রমাণসহ এক প্রেস কনফারেন্স এ তুলে ধরেন। এর পর থেকেই উত্তাল রয়েছে ভারতের রাজনীতি। যদিও দেশটির ইলেকশন কমিশন এখনো সন্তোষজনক কোন উত্তর দিতে পারে নি।